



তথ্যবিবরণী

নম্বর-২৬৯

রাজশাহীর পুঠিয়া, দুর্গাপুর এবং বাগমারায় উপজেলা পরিষদ নির্বাচন আগামীকাল

রাজশাহী, ০৬ জ্যৈষ্ঠ (২০ মে) :

আগামীকাল মঙ্গলবার (২১ মে) ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচনের দ্বিতীয় ধাপে রাজশাহীর পুঠিয়া, দুর্গাপুর এবং বাগমারা এই তিনটি উপজেলায় মোট ২৯টি ইউনিয়ন ও ৪টি পৌরসভায় মোট ২৩ জন প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

রিটার্নিং অফিসারের কার্যালয়ের তথ্য মতে, দ্বিতীয় ধাপে পুঠিয়া উপজেলায় চেয়ারম্যান পদে ৩ জন, ভাইস চেয়ারম্যান পদে ৩ জন ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে ৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এ উপজেলায় মোট ভোট কেন্দ্রের সংখ্যা ৭৮টি, ভোট কক্ষ ৫ শত ১৩টি এবং মোট ভোটার ১ লক্ষ ৮১ হাজার ৯ শত ৯৮ জন। এর মধ্যে পুরুষ ভোটার ৯১ হাজার ৮ শত ৬২ জন ও নারী ভোটার ৯০ হাজার ১ শত ৩৬ জন।

দুর্গাপুর উপজেলায় চেয়ারম্যান পদে ২ জন, ভাইস চেয়ারম্যান পদে ৩ জন ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে ২ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এ উপজেলায় মোট ভোট কেন্দ্রের সংখ্যা ৬৭টি, ভোট কক্ষ ৪ শত ৭২টি। মোট ভোটার ১ লক্ষ ৫৯ হাজার ৯ শত ৩২ জন। এ উপজেলার মোট ভোটারের মধ্যে পুরুষ ভোটার ৮০ হাজার ৫১ জন ও নারী ভোটার ৭৯ হাজার ৮ শত ৮১ জন।

অন্যদিকে বাগমারা উপজেলায় চেয়ারম্যান পদে ৩ জন ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে ৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এ উপজেলায় ভাইস চেয়ারম্যান পদে ১ জন প্রার্থী থাকায় তাকে গত ৩০ এপ্রিল তারিখে বিনা প্রতিদ্বন্দ্বিতায় বেসরকারি ভাবে নির্বাচিত ঘোষণা করা হয়। এ উপজেলায় মোট ভোট কেন্দ্রের সংখ্যা ১ শত ২২টি, ভোট কক্ষ ৭ শত ৪৭টি। মোট ভোটার ৩ লক্ষ ১০ হাজার ৯ শত ৭১ জন। এ উপজেলার মোট ভোটারের মধ্যে পুরুষ ভোটার ১ লক্ষ ৫৬ হাজার ৫ শত ৮২জন ও নারী ভোটার ১ লক্ষ ৫৪ হাজার ৩ শত ৮৯ জন।

ওই দিন সকাল ৮ টা থেকে ভোটগ্রহণ শুরু হয়ে বিকাল ৪ টায় শেষ হবে। ব্যালট পেপারের মাধ্যমে সম্পূর্ণ ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

.....  
তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/২০২৪/১৫:১০ ঘ.